


ঢাকা বিশ্ববিদ্যালয়ের সোমবারের সব ক্লাস-পরীক্ষা স্থগিত

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ২৭ জানুয়ারি ২০২৫, ০৩:১৩



ঢাকা বিশ্ববিদ্যালয় ও ৭ কলেজের মধ্যে সংঘর্ষ, ধাওয়া পাল্টা-ধাওয়ার জেরে সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস-পরীক্ষা স্থগিত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

সোমবার (২৭ জানুয়ারি) দিবাগত রাত ১টা ৪০ মিনিটে বিষয়টি ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর সহযোগী অধ্যাপক সাইফুদ্দিন আহমদ গণমাধ্যমকে নিশ্চিত করেন।

ঢাবি প্রক্টর বলেন, চলমান পরিস্থিতিতে আমরা গভীরভাবে মর্মান্বিত। এমন পরিস্থিতিতে প্রশাসনিক মিটিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সোমবারের সব ক্লাস-পরীক্ষা স্থগিত করা হয়েছে আগামীকাল ৭ কলেজের অধ্যক্ষদের সঙ্গে বৈঠক আহ্বান করা হয়েছে। আশা করি সব পক্ষের আলোচনার মাধ্যমে বিষয়টির শান্তিপূর্ণ সমাধান হবে।

এর আগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রো-উপাচার্যের (শিক্ষা) বাসভবন ঘেরাও করতে আসা ৭ কলেজের শিক্ষার্থীদের সঙ্গে ঢাবি শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া পাল্টা-ধাওয়া শুরু হয়েছে।

প্রায় ১ ঘণ্টা পরিস্থিতি কিছুটা স্বাভাবিক থাকার পরে ১টার দিকে ঢাবি ও সাত কলেজ শিক্ষার্থীদের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এসময় তারা ইট পাটকেল নিক্ষেপ করতে থাকেন।

একপর্যায়ে ঢাবি শিক্ষার্থীরা একযোগে ধাওয়া করেন ৭ কলেজের শিক্ষার্থীদের। পরে ৭ কলেজের শিক্ষার্থীরা প্রতিরোধ করলে এগুতে পারেননি ঢাবি শিক্ষার্থীরা।

পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশ নীলক্ষেত মোড়ে সাউন্ড গ্রেনেড ও টিয়ারগ্যাস নিক্ষেপ করেন।

ইত্তেফাক/এমএএম